

(২)

Ex./BANGLAUG/1.3/4/2017

৪। অষ্টাদশ শতাব্দীতে শাক্তপদাবলীর উদ্ভব ও জনপ্রিয়তার কারণগুলি উল্লেখ করো। ‘নারীর জনম কেবল যন্ত্রণা সহিতে’—শাক্ত পদকারের এই অভিমত কী গ্রহণযোগ্য? তোমার মতামত দাও। ১০

৫। ‘মহুয়া’ পালাটিতে গোষ্ঠী বা সমাজের বিরুদ্ধে ব্যক্তির স্বাতন্ত্র্য ঘোষণা একটি ট্রাজিক প্রেমকাহিনীর মধ্যে কীভাবে ফুটে উঠেছে? ১০

অথবা

৬। রাজনৈতিক ও সামাজিক ক্ষমতাবানের দলই কি মলুয়ার জীবন গুঁড়িয়ে দিল নাকি মলুয়াই প্রত্যাখ্যান করে গেল সংসার ও সমাজকে? পাঠ্যগীতিকাটি অনুসরণে আলোচনা করো। ১০

৭। ‘খাঁচার ভিতর অচিন পাখি’ আসলে একটি গুঢ় দেহতত্ত্বসাধনা বিষয়ক বাউল গান। মন্তব্যটি বিশ্লেষণ করো।

অথবা

৮। তোমার পাঠ্য লালন শাহ ও শেখ মদনের দুটি পদ অবলম্বন করে দেখাও কেমন করে গানগুলিতে জাতপাত বিভেদ ও ধর্মসংস্কার সম্পর্কে বিদ্বেষ ও বিরুদ্ধতার স্বর লুকিয়ে আছে।

— X —

কলাস্নাতক অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৭

(প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার)

সাম্মানিক বাংলা

মধ্যযুগের বাংলা সাহিত্য

কোর্স ইউ. জি. - ১.৩

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও

১। চৈতন্যজন্মের তাত্ত্বিক ব্যাখ্যাটি আলোচনা করে বৈষ্ণবপদাবলির সঙ্গে সেই তত্ত্বের সম্পর্কটি জানাও। ১০

অথবা

২। পূর্বরাগ-আক্ষেপানুরাগ—প্রতি পর্যায় থেকে একটি করে পদ সংক্ষেপে ব্যাখ্যা করো। ১০

৩। ‘ভক্তের আকুতি’ পর্যায়ের পদগুলিতে কেবলমাত্র ভক্ত/সাধকের আকুতি নেই, অষ্টাদশ শতাব্দীর বাঙালির কণ্ঠস্বর মিশে আছে। তুমি কি তাই মনে করো? তোমার পড়া পদগুলির সাহায্যে মতামত চাও। ১০

অথবা

(Turn Over)